# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৩৯. চাকরির স্বার্থে কি দাড়ি কাটা যাবে?

চাকরি পাওয়া, চাকরি টিকিয়ে রাখা, স্ত্রীর বিরোধিতা, পদ-পদবি ধরে রাখা, মানুষের। সমালোচনার ভয় করা ইত্যাদি যে কোন কারণে দাড়ি মুণ্ডন করা হারাম। আর চাকরির স্বার্থে দাড়ি কামিয়ে ফেলা এটা কোন উযর নয়। কোন বান্দার আনুগত্য করার জন্য আল্লাহর নির্দেশ লঙ্ঘন করা জায়েয নেই। যে ব্যক্তি শুধু আল্লাহকে ভয় করবে আল্লাহ তার জন্য এমন উৎস থেকে রিযক-এর ব্যবস্থা করে দেন, যা সে কল্পনাও করতে পারে না। অপরদিকে অফিসের কোন কর্তা ব্যক্তির জন্য তার অধস্তন ব্যক্তিদেরকে আল্লাহ বা তাঁর নবীর আদেশ লঙ্ঘন করার নির্দেশ দেওয়ার কোন অধিকার নেই।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12773

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন